

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাজেট শাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)'র সভার কার্যবিবরণী।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)-তে অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রস্তুতকৃত ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন প্রতিবেদন চূড়ান্তকরণের লক্ষ্যে এ বিভাগের সচিব এবং বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভাপতি জনাব নাজিমউদ্দিন চৌধুরী এঁর সভাপতিত্বে ১৮-০১-২০১৭ তারিখে সকাল ১১:০০ টায় এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' হিসেবে সংযুক্ত করা হলো।

০.২. সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি এ বিভাগের অতিরিক্ত-সচিব (উন্নয়ন)'কে সভার আলোচনা শুরু করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত-সচিব (উন্নয়ন) কাজী জেবুন্নেছা বেগম সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গ্যাস কূপ খনন, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, আমদানিকৃত পরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ, প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, ভূতাত্ত্বিক এবং ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন ইত্যাদি বিষয়ের এ পর্যন্ত অর্জনসমূহ পুনঃমূল্যায়ন করা হয়েছে। পুনঃমূল্যায়নে দেখা যায় যে, এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-তে অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, আমদানিকৃত পরিশোধিত তেল ও তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত অর্জন সন্তোষজনক নয়। সভায় এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অর্জনে আরও সচেষ্ট হওয়ার পরামর্শ প্রদান করা হয়। সভায় উপস্থাপিত এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের ত্রৈমাসিক(অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০.৩. সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

৩.১. (ক) এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-তে অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক অনুযায়ী প্রস্তুতকৃত ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২২-০১-২০১৭

(নাজিমউদ্দিন চৌধুরী)

সচিব

ও

সভাপতি

বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

পরের পৃষ্ঠায়: